আলমডাঙ্গার সহকারী কমিশনারের স্বাক্ষর জাল করে প্রতিবেদন তৈরী! এক যুবক আটক

আলমডাঙ্গার শ্রীরামপুর গ্রামের আল আমিন হক সাগরকে সহকারী কমিশনার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার স্বাক্ষর জাল করার অপরাধে আটক করেছে পুলিশ।

শনিবার দুপুরে জাল স্বাক্ষরের অপরাধে আল আমিনকে আটক করে। আল আমিন জীবননগর সহকারী জজ আদালতের পেশকারের সহকারী।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার শ্রীরামপুর গ্রামের আবুল হোসেনের নানী মারা যাওয়ার পূর্বে তার জমি নাতি আবুল হোসেনের নামে রেজিস্ট্রি করে দেন।

বিষয়টি জানতে পেরে আবুল হোসেনের খালাতো ভাই একই গ্রামের আব্দুল গফুর মুন্সী আদালতে মামলা দায়ের করেন। আবুল হোসেনের নাতি ছেলে শ্রীরামপুর গ্রামের মৃত আব্দুল হকের ছেলে জীবননগর সহকারী জর্জ আদালতের পেশকারের সহকারী।

আল আমিন হক সাগর আলমডাঙ্গার সহকারী কমিশনার (ভূমি) ও কালিদাসপুর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার সিল ও স্বাক্ষর জাল করে নিজের মনমত প্রতিবেদন তৈরি করে।

শনিবার ওই প্রতিবেদন তিনি আলমডাঙ্গা থানায় জমা দেয়। প্রতিবেদন জমা দিতে গেলে পুলিশের সন্দেহ হয়। পুলিশ স্বাক্ষর যাচাই করতে সহকারী কমিশনার ও ইউনিয়ন ভূমি অফিসের সহকারী কর্মকর্তার সাথে যোগাযোগ করেন।

প্রমাণ মেলে যে ওই প্রতিবেদনের স্বাক্ষর জাল। এ সময় পুলিশ আল আমিন হক সাগরকে আটক করেন। আটকের পর আল আমিন হক সাগরের মামা জীবন আলী থানার সামনে লাফালাফি করায় তাকেও আটক করে পুলিশ ।

স্বাক্ষর জালের বিষয়ে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার সাইফুল ইসলাম জানান, যাদের স্বাক্ষর জাল করা হয়েছে। তাদেরকে অবহিত করা হয়েছে। তারা বাদী হয়ে মামলা দায়ের করবেন। কিন্তু এখনও কেউ মামলা দায়ের করতে আসেননি।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর বলেন, মামলা করবেন পুলিশ। কারণ জাল স্বাক্ষরযুক্ত প্রতিবেদন তো পুলিশের নিকট জমা দেওয়া হয়েছে।

আলমডাঙ্গায় ইজিবাইক শ্রমিক লীগের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা

আলমডাঙ্গায় ইজি বাইক শ্রমিকলীগের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার শ্রমিক ইউনিয়ন অফিসে এ মত বিনিময় সভার আয়োজন করা হয়।

মতবিরিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার।

শ্রমিকলীগের উপজেলা সভাপতি আব্দুল ক্দ্দুুসের সভাপতিত্বে সভায় প্রধান বক্তা ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় শ্রমিকলীগের সভাপতি আফজালুল হক বিশ্বাস, সাধারণ সম্পাদক রিপন মন্ডল,চুয়াডাঙ্গা সদর উপজেলা সভাপতি টোকন ওস্তাদ, জেলা অটো বাইক সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম সাজু। উপজেলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক আমিরুল ইসলামের পরিচালনায় আরও উপস্থিত ছিলেন ইজি বাইক শ্রমিকলীগের সভাপতি মহাবুল ইসলাম, সাধারন সম্পাদক আমিরুল ইসলাম, সাইদুল ইসলাম, আসলাম আলি, লিজন মিয়া, আব্দুল হালিম, জাহাঙ্গীর আলম, ইছাহক আলি, শিপন আলি, মিলন আলি,পান্না মিয়া, আমিরুল(২) ইসলাম, ফারুক, মিন্টু, ছলিম, আলাউদ্দিন, মহর আলি,আহসান হাবিব,নাগর আলি,সানি,লাল্টু, মাদার আলি,আসাবুল হক,আলফাজ উদ্দিন, লিংকন, লিমন, লাবলু, চাঁদ, খয়বার, মাতুব্বর, সুজন, সুলতান, সাগর আহমেদ, জিল্লু, মিলু সেলিম, সাঈদ, লাদেন, মতিয়ার, মকলেছ, মামুন, সাদালি, মমিন, রশিদ প্রমূখ।

সভায় নেতৃবৃন্দ বলেন, শ্রমিকলীগ শ্রমিকদের কল্যাণে কাজ করছে। এদেশে খেটে খাওয়া মানুষের জন্য, বিশেষ করে শ্রমিকদের জন্য সরকার

সহায়তা প্রদানসহ বিভিন্ন সময়ে তাদের পাশে রয়েছেন।

বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে মানুষের কল্যাণে কাজ করতে হবে

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি পরিদর্শন ও নেতা কর্মীদের সাথে মতবিনিময় করেছেন।

শনিবার ১১ টার দিকে বধ্যভূমি পরিদর্শন ও মতবিনিময় কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, মুক্তিযুদ্ধ এবং শহীদদের স্মৃতি সংরক্ষণের জন্য এ বধ্যভূমি।

এখানে আসলেই ভয়াল সেই দিনের কথাগুলো মনে পড়ে যায়। ট্রেন থামিয়ে মানুষ নামিয়ে কি নির্মমভাবে তাঁদের এখানে হত্যা করা হয়েছিল। আজ এতো বছর পরও তা ভূলে যাওয়া যায় না। তিনি বলেন,এই স্থানটিকে সংরক্ষণ জন্য কেউ এগিয়ে আসেনি। বরং এই জায়গাটি ধ্বংসের জন্য বিএনপি-জামায়াতের লোকজন চেস্টা করেছে।

এমপি ছেলুন জোয়ার্দ্দার দলের নেতা কর্মীদের উদ্দেশ্যে বলেন, কর্মীদের বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করতে হবে। তাহলেই দেশের প্রতি মানুষের প্রতি দরদ আসবে। মানুষের কল্যাণে কাজ করা যাবে।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুক, উপজেলা আওয়ামী লীগের উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, মিজানুর রহমান রিপন,সদস্য গোলাম সরওয়ার সদু, এ্যাড. মোখলেছুর রহমান,কালিদাস পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জয়নাল আবেদীন, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চেয়ারম্যান

মাহমুদুল হাসান চঞ্চল, কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, ওলিউল্লা ,বেল্টু, টুটুল, জাহাঙ্গীর হোসেন,সাবেক ছাত্রলীগ নেতা সোহেলরানা শাহীন, ভাংবাড়িয়া ইউপি চেয়ারম্যান সোহানুর রহমান সোহান, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, বাদসা, টিটন, রকি, সৈকত, তামিম প্রমূখ।

চুয়াডাঙ্গায় সফল ভাবে গণটিকা কার্যক্রম অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সফল ভাবে করোনার জন্য গণটিকা কার্যক্রম শুরু হয়েছে। টিকা কেন্দ্র গুলোতে সাধারণ মানুষের ভিড় লক্ষ্য করা গেছে। একদিনে জেলার এক লাখ মানুষকে গণটিকার আওতায় আনা হবে।

শনিবার সকাল থেকে চুয়াডাঙ্গার ১৮৭টি কেন্দ্র সব বয়সের মানুষের টিকা প্রদান কার হয়েছে।

করোনার টিকা কার্যক্রমের কেন্দ্র গুলো পরিদর্শণ করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডাঃ সাজ্জাৎ হোসেন, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক, উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আওলিয়ার রহমান সহ স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা কর্মচারীদের তত্তাবধানে টিকা প্রদান করছে স্বাস্থ্য কর্মি বৃন্দ।

ইউনিয়নের টিকা কেন্দ্রগুলোতে উপস্থিত থেকে স্বাস্থ্য কর্মিদের সহযোগিতা করছেন কেন্দ্রগুলোর ট্যাগ অফিসার সহ চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাজী আবুল কালাম আজাদ,মোমিনপুরের আল মামুন রতন,পদ্মবিলার আলম হোসেন,শংকরচন্দ্রের আব্দুর রহমান,কুতুবপুরের আলী আহামেদ হাসানুজ্জামান মানিক,বেগমপুরের আলি হোসেন জোয়ার্দ্দার, গড়াইটুপির শফিকুর রহমান রাজু,তিতুদহের নবনির্বাচিত চেয়ারম্যান

শুকুর আলি সহ ইউপি সদস্য বৃন্দ।

করোনা ভাইরাস প্রতিরোধের জন্য সরকার গণটিকা কার্যক্রম শুরু করে। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গার চারটি উপজেলায় গণটিকা শুরু হয়েছে। ছোট ছোট লাইনে দাড়িয়ে মানুষ টিকা নিচ্ছেন। কেন্দ্র গুলোতে তেমন একটা ভিড় নেই। একদিনে এক লাখ মানুষকে গণটিকা দেওয়া হবে। প্রথম ডোজ হিসাবে টিকা দেওয়া হচ্ছে সিনোভ্যাক্সের। জেলা শহর ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় রয়েছে ৫২টি কেন্দ্র। সফল ভাবে টিকা নিতে পেরে আনন্দিত টিকা নিতে আসা সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গায় ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহর উদ্বোধন

স্মার্টফোনে আসক্তি, পড়াশোনার ক্ষতি প্রতিপাদ্যে ডিসি সাহিত্য মঞ্চ চত্বরে ২ দিনব্যাপী বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল দশটার সময় দুইদিন ব্যাপি চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আরাফাত রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান আনুষ্ঠানিকভাবে বিজ্ঞান মেলার উদ্বোধন করেন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চুয়াডাঙ্গায় ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুরু হয়েছে। সকল দেশের আধুনিক প্রযুক্তির পেছনে রয়েছে বিজ্ঞান।

এই বিজ্ঞানভিত্তিক প্রযুক্তিকে আরো অগ্রগতির মাধ্যম কাজে লাগিয়ে আগামীর সোনার বাংলা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন করতে হবে।

৩৫টি স্টলে মাধ্যমিক দাখিল ও কলেজ প্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীরা বিভিন্ন উদ্ভাবিত প্রযুক্তি প্রদর্শন করেছে। উদ্বোধনী পরবর্তী

সময়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান ভিত্তিক স্টল পরিদর্শন কালে প্রধান অতিথি শিক্ষার্থীদের উদ্দেশ্যে পুথিগত বিদ্যা পরিহার করে প্রযুক্তি ও বিজ্ঞানের প্রতি মনোযোগ দিতে পরামর্শ প্রদান করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ এর প্রাণবন্ত সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান পরিচালনায় সার্বিক সহযোগিতা ছিলেন রোভার স্কাউটস সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গায় বাঁধনের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন, পদ্মা জোনাল পরিষদের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল দশটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলরুমে অনুষ্ঠিত হয় সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধনের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান।

বাঁধন, পদ্মা জোনাল পরিষদের কার্যকরী কমিটির সহ-সভাপতি তরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের জোনাল প্রতিনিধি ও উক্ত অনুষ্ঠানের আহ্বায়ক মোঃ সজিবুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ, কে, এম সাইফুর রশিদ।

এ সময় তিনি বলেন, মানবতার আরেক নাম বাঁধন। বর্তমান সময়ে মহামারিতে মানুষ যখন নিজের জীবন নিয়ে হিমসিম সেখানে বাঁধনের কর্মীরা এগিয়ে যাচ্ছে দূর্বার। কখনো মানুষকে রক্ত দিয়ে কখনো রক্ত সংগ্রহ করে কখনো গরীব মানুষের মাঝে ঈদ সামগ্রী নিয়ে হাজির হচ্ছে মানুষের জন্য।

একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন এই স্লোগান কে সামনে রেখে ১৯৯৭ সালে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। বাঁধন কেন্দ্রীয় কমিটি, জোন, ইউনিট, স্বতন্ত্র ইউনিট, পরিবার ধাপে ধাপে সাজিয়ে উঠেছে সমগ্রিক সংগঠনটি। এই বছরের বাঁধন পদ্মা জোনাল পরিষদের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে সভাপতি সবুর আহমেদ ও সাধারণ সম্পাদক সজিবুল ইসলাম এর নাম ঘোষণা করা হয়।

বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মুশফিকুর রহিম ও তানিয়া আফরিন নিশির প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মোঃ রেজাউল করিম, বাঁধন কেন্দ্রীয় পরিষদের কোষাধ্যক্ষ সুশান্ত রায়, বাঁধন কেন্দ্রীয় পরিষদের উপদেষ্টা আলাউদ্দিন মোল্লা ও সজল আহমেদ, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক উপদেষ্টা মোঃ মতিউর রহমান, জাহিদুল হাসান, হাফিজুর রহমান, মাসুদ পারভেজ, প্রথম আলো চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ্ আলম সনি, বাঁধন সংগঠনের উপদেষ্টা ইব্রাহিম হোসেন, আল মামুন সহ বাঁধন সংগঠনের সদস্যবৃন্দ।

আলমডাঙ্গার ভেদামারী গ্রামের মনিরুজ্জামানের পাল্টা সংবাদ সম্মেলন

স্ট্যাম্পে জোরপূর্বক টিপ সহি করে নেওয়ার ঘটনা মিথ্যা উল্লেখ করে পাল্টা সংবাদ সম্মেলন করেছেন ভেদামারী গ্রামের মনিরুজ্জামান মনির।

বৃহস্পতিবার বিকেলে তার নিজ গ্রামে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মনিরুজ্জামান জানান, তিনি গত ২০২০ সালের ৩১ আগস্ট বারোঘরিয়া গ্রামের মুনছুর আলীর ছেলে ওহিদুল আলী ঘোলদাড়ি বাজারের একটি জমি ১ লাখ টাকা শতক দাম দর করে ৯ লাখ টাকা মিটিয়ে বায়নানামা করে।

সে সময় অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ওহিদ আলী জমি বায়না নামা করে দেবার পর থেকে দীর্ঘদিন যাবৎ জমি রেজিস্ট্রি না করে দিয়ে নানা টালবাহানা শুরু করে।

এভাবে প্রায় দু’বছর অতিবাহিত হলেও একের পর এক ঘুরাতে থাকে। অবশেষে চলতি মাসের ১ তারিখে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ঘোলদাড়ি বাজারে ওহিদুল ইসলাম এক আপোষ মিমাংসায় বসে। আপোষে সে অঙ্গিকার করে ২১ ফেব্রুয়ারী সে ৯ লাখ টাকা ফেরৎ দিয়ে দেবে।

না দিতে পারলে সে জমি রেজিস্ট্রি করে দেবে। এ মিমাংসা সভায় সে সকলের সামনে স্ট্যাম্পে টিপ সহি দেয়। তাকে জোর করে কেউ সহি করে নেই নি। সেখানে উপস্থিত গণ্যমান্য ব্যক্তিবর্গ তার স্বাক্ষী।

প্রকৃত এই ঘটনাকে আড়াল করে ওহিদুল তার নামে মিথ্যা মামলা ও সংবাদ সম্মেলন করেছে। তিনি এই সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকৃত এই ঘটনা তুলে ধরে প্রশাসনের কাছে ন্যায় বিচার প্রার্থনা করেছেন।

চুয়াডাঙ্গায় ইজিবাইক চোর চক্রের ৩ সদস্য গ্রেফতার

চুয়াডাঙ্গায় অভিযান চালিয়ে ইজিবাইক চোর চক্রের তিন সদস্যকে ইসলামপাড়া থেকে গ্রেফতার করেছে র্যাব একটি চৌকসদল।

বুধবার শহরের ইসলাম পাড়া এলাকা থেকে এদের গ্রেফতার করা হয়। এ সময় তাদের কাছ থেকে চোরাই করা ৩টি ইজিবাইক উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হচ্ছে-চুয়াডাঙ্গা শহরের ইসলাম পাড়ার মনির উদ্দিনের

ছেলে জাহিদ মিয়া (৪০), একই এলাকার মৃত সামছুল বিশ্বাসের ছেলে আবু সাঈদ (৩৯) ও দামুড়হুদা উজিরপুরের মৃত আজেহার মালিথার ছেলে আব্দুস সালাম (৩৩)। এদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় ইজিবাইক চুরির একাধিক মামলা রয়েছে। গ্রেফতারকৃত আসামীদেরকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

র্যাব জানায়, র্যাব-৬, সিপিসি-২ (ঝিনাইদহ ক্যা¤প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার সদর থানার মামলা নং- ৩২/৭৫ তারিখ ২৩/০২/২০২২ এর ধারা ৩৭৯ পেনাল কোড এর ইজিবাইক চোরাকারবারী চুয়াডাঙ্গা জেলার সদর থানার ৫নং ওয়ার্ড এর ইসলাম পাড়াস্থ এলাকায় গোপনীয়ভাবে এলাকায় অবস্থান করছে।

এ সংবাদ পেয়ে সকালে অভিযানিক দলটি অভিযান চালায়। এ সময় আসামীদের কাছ থেকে ৩টি চোরাইকৃত ইজিবাইক উদ্ধার করা হয়।

পারকৃষ্ণপুর ছয়ঘরিয়া গ্রামে নবনির্মিত সামাজিক কেন্দ্রের উদ্বোধন

পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের স্কুল পাড়ায় আফজাল হোসেন নব-নির্মিত প্রবীন সামাজিক কেন্দ্রর উদ্বোধন করেন সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

ওয়েভ ফাউন্ডেশন ও পাকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের আয়োজনে বুধবার দুপুর দেড়টার দিকে প্রবীন সামাজিক কেন্দ্রর উদ্বোধন কালে হাজী আলী আজগার টগর বলেন, প্রবীনদের মান-উন্নয়নে শিশু, শৈশব ও কৈশর থেকে যখন বৃদ্ধ হয় তখন এই বৃদ্ধরা এক সময় পরিবারে আনেকটা অবহেলিত হয়ে পড়ে।

তাদের সাথে একটু কথার যেন কারো সময় নেই। ফলে তারা অনেকটাই একাকিত্ম দিন পার করে, মানুষিকভাবে ভেঙ্গে পড়ে এবং অসহায় জীবন-

যাপন করে। সেই ক্ষেত্রে এ প্রবীন কেন্দ্র তাদের বিনোদনের স্থান হিসাবে এবং মানুষিক সহায় হবে।

আমাদের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ৬০ বছর বয়স থেকে সকল পর্যায়ের মানুষকে বৃদ্ধ ভাতার আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত গ্রহন করেছে। ১০টাকার জন্য ছেলে মেয়ের মুখের দিকে চেয়ে থাকতে হবে না। বৃদ্ধ বয়সে তার হেসে খেলে দিন পার কবরে আমার বিশ্বস। এছাড়া তিনি এলাকার বিভিন্ন উন্নয়নের কথা তুলে ধরেন এবং প্রবীনদের সহয়তায় পাশে থাকার প্রতিশ্রুতি দেন।

পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের প্রবীন কমিটির সভাপতি আজিম উদ্দিনের সভাপতিত্তে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা নিবার্হী অফিসার তাছলিমা আক্তার, উপজেলা সহকারী ভুমি কমিশনার সুদ্বীপ্ত কুমার, ওয়েভ ফাউন্ডেশনের উপ-নিবার্হী পরিচালক আনোয়ার হোসেন, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী। এছাড়া পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের প্রায় শতাধিক প্রবীন ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মীরা উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

আলমডাঙ্গার সাংবাদিক রহমান মুকুলের মাতার ইন্তেকাল

দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার আলমডাঙ্গা ব্যুরো প্রধান ও দৈনিক কালের কণ্ঠের প্রতিনিধি রহমান মুকুলের মা হাসিনা বেগম আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বুধবার বিকেল সোয়া ৫ টায় আলমডাঙ্গা কলেজপাড়ার নিজের বাড়িতে শেষ নিশ্বাস ত্যাগ করেন। তিনি সম্প্রতি হার্ট অ্যাটাকে আক্রান্ত হন। অসুস্থ হওয়ার পর প্রায় দু সপ্তাহ তাকে সরকারি ও বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়। মৃত্যুকালে বয়স হয়েছিল প্রায় ৮০ বছর।

মরহুমা হাসিনা বেগম আলমডাঙ্গা উপজেলার নওদা পাঁচলিয়া গ্রামের প্রয়াত আওলাদ মিয়ার সহধর্মিণী, জোড়্গাছা গ্রামের প্রয়াত আহমেদ মিয়ার কন্যা ও আলাউদ্দীন ঘোরী স্টেটের শেষ জমিদার ফজিলাতুন্নেছা চৌধুরানীর নাতনী। মৃত্যুকালে ধার্মিক ও পর্দানশীন হাসিনা বেগম ৩ ছেলে, ১ মেয়ে, নাতি নাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

বাদ এশা আলমডাঙ্গা দারুস সালাম প্রাঙ্গণে মরহুমার প্রথম ও পাঁচলিয়া গ্রামে ২য় বার জানাযা শেষে গ্রামের পারিবারিক কবরস্থানে লাশ দাফন করা হয়েছে।

মরহুমার জানাযায় উল্লেখযোগ্য সংখ্যক মানুষের সমাগম ঘটে। এদিকে, সাংবাদিক রহমান মুকুলের মায়ের মৃত্যুর সংবাদ পেয়ে সাংবাদিক ও শিক্ষকসমাজ, রাজনীতিবীদসহ সর্বস্তরের মানুষ উপস্থিত হন। তারা মরহুমার আত্মার মাগফিরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

মরহুমার রুহের মাগফিরাত কামনা করে সকলের নিকট দোয়া চাওয়া হয়েছে।